
শহরের এক ব্যাঙ্কে...
আরে অ্যালিস।
খুব সময়ে এসেছ। এক্ষুনি ব্যাঙ্ক বন্ধ হয়ে যাবে।
কেউ নড়বে না।
নড়েছ কি গুলি খাবে।
শুরু হল নতুন গল্প
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই বস্তাটায় সব কিছু ভর্তি করো।
সব বিলই যেন ওর মধ্যে থাকে।
সম্মোহনশক্তি প্রয়োগ ম্যানড্রেকের...
এটা কী?
এরা সবাই 'বিল'। সব কটাকে এতে পুরে দিয়েছি।
8-21
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



ম্যানড্রেকের সম্মোহন...
ব্যাঙ্কে যেখানে যতজন বিল ছিল, সব্বাই এখানে।
!
© by King Features Syndicate, Inc. World rights reserved.
আমি বলেছি ডলার বিলের কথা।
কী এত বকবক করছ তোমরা।
আসল কাজের কী হল ?
8-22



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


শহরে আইনরক্ষায় এ আবার কোন মক্কেল ?
বেশ, আত্মপরিচয় দিচ্ছি আমি।
আমি হচ্ছি ক্যাপ্টেন স্ম্যাশ।
8-25
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


পুলিশ সদর দফতরে...
স্যার, কাছেই একটা ব্যাঙ্কে ডাকাতি হচ্ছে।
জলদি চলো।
ওই ব্যাঙ্কে তখন...
ম্যানড্রেক, সরে দাঁড়াও। এরা এবার খুনখারাপি শুরু করবে।
ক্যাপ্টেন স্ম্যাশই মহড়া নিক।
!
8-27
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


শেষবার বলছি। রিভলবার ফেলে আত্মসমর্পণ করো।
সেটি হচ্ছে না।
8-24
এই ভাঁড়, তুই এবার সরে দাঁড়া।
এই ব্যাঙ্কের সব টাকা এখন আমাদের। বাধা দিলেই গুলি করব।
গুলি করবে? বেশ, গুলি চালাও তবে।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই ছাগলটা বহুৎ জ্বালাচ্ছে তো! দেখাচ্ছি মজা...
গুলির ধোঁয়া সরে যেতেই...
আরে, এ তো এখনও দিব্যি দাঁড়িয়ে!
কিন্তু আমি যে গুলি চালালাম!
8·29
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ক্যাপ্টেন স্ম্যাশ, তোমার পিছনে ওরা।
আঃ!
ডাকাতগুলোকে পিটিয়ে ছাতু করে দিল ক্যাপ্টেন স্ম্যাশ।
ম্যানড্রেককে এরপর আর লাগবে না।
!
FALK & FREDERICKS
8-31
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


হুঁ হুঁ হুঁ
সাইরেনের শব্দ!
পুলিশ হাজির।
9-1
ডাকাতগুলো চোঁ-চাঁ দৌড় দিয়েছে।
ভিতুর দল।
আমার কাজ শেষ। ভবিষ্যতে দরকার পড়লে আবার আসব।
ক্যাপ্টেন স্ম্যাশ লোকটা কে?
আমি এর নামও শুনিনি আগে।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserve
অতঃপর


অবশেষে হাজির পুলিশ...
ম্যানড্রেক।
দেরি করে ফেলেছেন। ব্যাঙ্ক ডাকাতরা পালিয়েছে।
কত টাকা নিয়ে পালিয়েছে?
কানাকড়িও নিতে পারেনি। ক্যাপ্টেন স্ম্যাশ এসে মেরে হঠিয়ে দিল ওদের।
অবশ্য ম্যানড্রেকও কিছুটা সাহায্য করেছেন।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


জানলা দিয়ে দেখলাম একটা ভ্যানে চেপে ওরা পালাল।
ক্যাপ্টেন স্ম্যাশ লোকটা কে?
ওঃ! একেবারে সুপার হিরো। ডাকাতদের কী মার দিল।
দেখে নিন লোকটার চেহারাটা।
এ যে মুখোশ পরা দেখছি। কমিকসের চরিত্র যেন।
জাদুতে চেহারাটার আভাস...
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ডাকাত পুলিশ ধরবে। স্বনিযুক্ত এই সব কায়দাবাজরা নয়, বুঝলে।
আশেপাশে খোঁজ নাও ক্যাপ্টেন স্ম্যাশকে কেউ দেখেছে কিনা।
লোকটাকে আমি নিজে দেখতে চাই।
দেখতে আমিও চাই। যেমন শক্তি, তেমন রূপ, আহা।
স্থির হও অ্যালিস।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


আশেপাশে খোঁজ নিচ্ছে পুলিশ...
এই ব্যাঙ্ক থেকে মুখোশধারী কাউকে বেরোতে দেখেছেন ?
না
আমি গাড়ির মিটারটা সারাচ্ছিলাম। অমন কাউকে দেখিনি।
না, এই রাস্তায় ওই রকম চেহারার কাউকে দেখেছি বলে মনে পড়ছে না আমাদের। দুঃখিত..
9-6
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


না, রাস্তায় কেউই বলল না লোকটাকে দেখেছে।
9-7
ডাকাতরা গুলি ছুড়েছিল, কিন্তু লোকটা অক্ষত ছিল।
ব্ল্যাঙ্ক ফায়ার?
না স্যার। কারণ ব্যাঙ্কের দেওয়ালে গুলির চিহ্ন আছে, এই দেখুন।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


খবর ছড়াল টিভি...
আবির্ভূত ক্যাপ্টেন স্ম্যাশ। এ কালের সুপার হিরো...
সংবাদপত্র জানাল...
দুষ্কৃতী দমনে হাজির স্বয়ং ক্যাপ্টেন স্ম্যাশ। পুলিশের থেকে অনেক বেশি দক্ষ ও তৎপর
ওদিকে ব্যাঙ্ক প্রেসিডেন্ট জি পি স্কিনার গভীর চিন্তায় মগ্ন...
অপরাধী দমনে ক্যাপ্টেন স্ম্যাশ পুলিশের বাড়া...
9-10
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



এতদিন অপরাধীদের মোকাবিলায় পুলিশের সব থেকে বড় সাহায্যকারী ছিলেন জাদুকর ম্যানড্রেক...
কিন্তু ক্যাপ্টেন স্ম্যাশের আবির্ভাবে এখন গোটা ছবিটাই পাল্টে গিয়েছে।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
শুনে হিংসে হচ্ছে নাকি?
না, নার্দা। তবে ভাবছি, এ বার কি সত্যি বুড়িয়ে গেলাম!


অ্যালিস, তুমি স্বচক্ষে দেখেছ ক্যাপ্টেন স্ম্যাশকে?
হ্যাঁ। প্রকৃত বীরের চেহারা যেমন হয়, রূপ-গুণের আধার...
অ্যালিস।
ব্যাঙ্কের প্রেসিডেন্ট মি: স্কিনারের ফোন, তোমাকে চাইছেন।
9/12
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ব-ব-বলুন স্যার!
ব্যাঙ্কের প্রেসিডেন্ট হিসাবে বলতে চাই তোমার কাজে আমি খুবই সন্তুষ্ট। তোমার দক্ষ কাজের স্বীকৃতি দিতে...
9-13
তোমাকে এ বার ভাইস-প্রেসিডেন্ট করা হল।
আমি অভিভূত স্যার। কী যে বলব!
ব্যাঙ্কের কাজের শেষে আমার ঘরে এসো। কিছু জরুরি কথা আছে।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ক্যাপ্টেন স্ম্যাশের ওই কাণ্ডের পর শহর শান্ত।
হয়তো ভয়ে সিটিয়ে আছে দুষ্কৃতীরা।
9-14
ওদিকে তখন শহরের এক গয়নার দোকানে...
বলুন স্যার, কী চান?
পিছনের দরজাটা খুলে দাও। আমার লোকেরা ঢুকবে।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



শহরের নামী এক গহনার দোকানে ডাকাতি...
এ দিক দিয়ে, জলদি।
!
কেউ নড়বে না বলে দিচ্ছি।
!
ওদিকে অ্যালিস তখন ব্যাঙ্ক প্রেসিডেন্টের নিজস্ব চেম্বারে... ...
অ্যালিস, যেটা বলব সেটা খুবই গোপনীয়।
?
9-15
অতঃপর


ব্যাঙ্ক প্রেসিডেন্টের সঙ্গে দেখা করল অ্যালিস...
ব্যাঙ্ক তোমার সাহায্য চায় অ্যালিস।
কী কাজ করতে হবে বলুন স্যার।
একজন লোককে খুঁজে আনতে হবে।
!
ওদিকে তখন গয়নার দোকানে...
মণিমুক্তো আর জড়োয়া অলঙ্কারগুলো সব এর মধ্যে ঢোকাও।
ক্যাপ্টেন স্ম্যাশ কোথায় তুমি? দোহাই, বাঁচাও।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


চেঁচিয়ে কাকে ডাকছিলে চাঁদু ?
আমি শুনেছি...
ও বলছিল ..."ক্যাপ্টেন স্ম্যাশ কোথায় তুমি, বাঁচাও"
আমি এখানে।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ওই ডান্ডা দিয়ে আমাকে ঠেকাবে?
হ্যাঁ, এটা নিরেট লোহার।
এ ছাড়াও আরও অস্ত্র আছে আমাদের।
ওদিকে তখন শহরের অন্য প্রান্তে...
বলছেন, বিশেষ এক ব্যক্তিকে খুঁজে বের করে আনতে হবে আমাকে?
হ্যাঁ অ্যালিস। এটা তুমিই পারবে।
9-20
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


কেউ জানে না সে কোথা থেকে আসে, কোথায় থাকে।
তৎসত্ত্বেও তাকে খুঁজে বের করতেই হবে অ্যালিস।
যত শীঘ্র পারো, কেমন।
ম্যানড্রেক, এইমাত্র খবর এল আবার দেখা গিয়েছে ক্যাপ্টেন স্ম্যাশকে। উঠে এসো গাড়িতে।
!
9·22
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


গয়নার দোকানে ডাকাতদের পেটাচ্ছে ক্যাপ্টেন স্ম্যাশ...
খবর পেয়ে সেখানে যাচ্ছে ম্যানড্রেক ও পুলিশ...
ওদিকে ব্যাঙ্ক প্রেসিডেন্টের বিশেষ নির্দেশ কী করে পালন করবে ভেবে আকুল অ্যালিস...
ক্যাপ্টেন স্ম্যাশকে কোথায় খুঁজব?
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ডাকাতগুলো সব গেল কোথায়?
একটু আগেই পালিয়েছে। গয়না কিছুই নিতে পারেনি।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
ক্যাপ্টেন স্ম্যাশের পিটুনি খেয়ে দৌড়ে পালাল ওরা।
ওকে জানানো দরকার, ডাকাতদের মোকাবিলা করাটা পুলিশের কাজ। ক্যাপ্টেন স্ম্যাশই বা গেল কোথায়?



ক্যাপ্টেন স্ম্যাশ সম্পর্কে খোঁজ নিলাম আশেপাশে...
শুধিয়েছি বাবাকে হুইলচেয়ারে বসিয়ে নিয়ে যাওয়া এক মহিলা, এক ট্যাক্সিচালক আর এক রং-মিস্ত্রিকে।
অস্বাভাবিক কিছু এরা কেউই দেখেনি।
দাঁড়াও, দাঁড়াও।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ফিল, তুমি এক মহিলাকে দেখেছ বাবাকে হুইলচেয়ারে বসিয়ে নিয়ে যেতে?
হ্যাঁ, তিনি কিন্তু ক্যাপ্টেনকে দেখেননি বলে জানান।
9-27
আরে, ব্যাঙ্ক ডাকাতির পরেও তো এমন এক মহিলাকে প্রশ্ন করেছিল পুলিশ?
গোটা ব্যাপারটা আমি ঠিক জানি না ম্যানড্রেক।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমি ভাবছি, দুটি ডাকাতির পরেই পুলিশ সেই একই মহিলাকে রাস্তায় দেখল কী করে?
ব্যাপারটা সমাপতন, না অন্য কিছু!
আরে, এটা কী?
লোহার ডান্ডা। ডাকাতরাই ফেলে পালিয়েছে মনে হচ্ছে স্যার।
যাক, একটা সূত্র মিলল। হাতের ছাপ আছে কি না দেখতে হবে।
9-28
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ওই দিনই...আঁধার হওয়ার পর...
কোথায় যে পাই ক্যাপ্টেন স্ম্যাশকে! কাগজে বিজ্ঞাপন দেব?
9-29
নাঃ ও সব সিনেমার গল্পে হয়!
ঘণ্টার পর ঘণ্টা ভেবেই যাচ্ছি। কিন্তু কীভাবে ক্যাপ্টেনের দেখা পাব, হদিশ পাচ্ছি না।
আমাকে দিয়ে এ কাজ বোধহয় হবে না।
©2007 by King Features Syndicate,Inc. World rights reserved.
কিন্তু তখনই...


পুলিশ সদর দফতরে...
রাত হয়ে এল। তোমায় তো জানাড়ুতে ফিরতে হবে।
যাব। তার আগে আপনার দুই অফিসারের সঙ্গে আর একটু কথা বলে নিই।
!
ওদিকে অ্যালিসের অ্যাপার্টমেন্টে...
কীসের আওয়াজ ?
ধ্রাম
10-1
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



ব্যাঙ্ক ও গয়নার দোকানে ডাকাতির ঠিক পরপরই একই লোক... এটা কী করে হয়? রহস্যটা ভাঙা দরকার।
সম্মোহন টেলিপ্যাথি দৃষ্টিপ্রক্ষেপণ করে দেখি।
তোমরা ভয় পেও না।
আরে ক্যাপ্টেন স্ম্যাশ। সারাদিন শুধু ভেবেছি কী করে তোমার দেখা পাব। তুমি এলে কী করে?
তোমার চাওয়ার জোরে।
10-3
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ব্যাঙ্ক ডাকাতির সময় তোমায় দেখি। মুখটা আর ভুলিনি।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
তাই ফের আসতে হল।
ওদিকে পুলিশের সদর দফতরে দুই অফিসারকে সম্মোহন করছে ম্যানড্রেক...
মনটা নির্ভার করে ভাবতে থাকো রাস্তায় কী দেখেছিলে তোমরা।


দুই অফিসার দু' জায়গায় ছিল। কিন্তু দেখেছে একই বৃদ্ধ ও মহিলাকে।
টেলিপ্যাথিক দৃষ্টি প্রক্ষেপণ...
ওদিকে...
আমার ঠিকানা জানলে কী করে?
কেন টেলিফোন ডাইরেক্টরিতে।
অপরাধীদের বিরুদ্ধে একা লড়তে লড়তে বড় নিঃসঙ্গ লাগে মাঝেমাঝে।
©2007 by King Features Syndicate, Inc.
GRAMDEVIL


এ বার বলো, আমায় খুঁজছিলে কেন ?
ব্যাঙ্কের প্রেসিডেন্ট মি: স্কিনার তোমার সাক্ষাৎপ্রার্থী।
তবে ব্যাপারটা গোপন রাখতে বলেছেন।
হুম।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
স্যার, দু'টো ডাকাতির ঘটনাই গোপন ভিডিও ক্যামেরায় ধরা আছে।
আপনারা নিজে এসে টেপটা দেখে যান বরং।
!
10-6
কী আছে টেপে ?



রাতে পুলিশ দফতরে...
টেপটা ভাল করে দেখবেন কিন্তু স্যার।
কেন?
এতে এমন দৃশ্য ধরা পড়েছে যা চমকে দেওয়ার মতো।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
ওদিকে ব্যাঙ্ক প্রেসিডেন্ট মিঃ স্কিনার ফোনে তখন...
অ্যালিস বলছি স্যার। ক্যাপ্টেন স্ম্যাশকে চাইছিলেন তো, কথা বলুন ওঁর সঙ্গে।
না অ্যালিস, ফোনে কেউ আড়ি পাততে পারে। আধঘন্টার মধ্যে ব্যাঙ্কে চলে এসো দুজনে।
10-4



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ফ্রিজ করে দিলাম। ক্যাপ্টেন স্ম্যাশ সজোরে ঘুষি চালাল...
এবার দেখুন, ঘুষিটা স্পর্শও করেনি ডাকাতটাকে।
যে ঘুষি এক ফুট দূরত্বে হাওয়ায় ভেসে গেল, তার চোটেই মাটিতে গড়াগড়ি দিচ্ছে ডাকাতটা। পুরোটাই সাজানো।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ক্যাপ্টেন স্ম্যাশ, আপনার জন্য ব্যাঙ্কে অপেক্ষা করছেন ব্যাঙ্ক প্রেসিডেন্ট। জলদি আমাদের ওখানে পৌঁছতে হবে। চলুন।
10-11
সেক্ষেত্রে মোটরে যাওয়াই বোধহয় সুবিধের।
পুলিশ দফতরে...
একটা ঘুষিও ডাকাতদের শরীর স্পর্শ করছে না। কিন্তু ভাব দেখাচ্ছে যে মার খেয়ে কুপোকাত হয়ে যাচ্ছে ওরা।
পুলিশ-প্রধান, সবটাই ভড়কিবাজি।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


স্যার, গয়নার দোকানে ডাকাতদের এই ডান্ডাটা পড়ে ছিল। এটা দিয়ে মারছিল ক্যাপ্টেনকে।
এটাও ফক্কিকারি। হাল্কা জিনিসে তৈরি। দেখুন, কেমন বেঁকে যাচ্ছে।
তখন ব্যাঙ্কের পার্কিং লটে...
একটা গাড়ি, নিশ্চয়ই মিস্টার স্কিনারের।
না। এটা তো স্যারের গাড়ি নয়।
কার গাড়ি তবে?
10-15
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



পুলিশ সদর দফতরে...
কী কাণ্ড বলো তো, মারামারিটা একেবারেই সাজানো ব্যাপার।
দু'তরফে ষড় আছে বোঝাই যাচ্ছে
ও দিকে তখন ব্যাঙ্কের পার্কিং লটে...
নাঃ, এটা মিঃ স্কিনারের গাড়ি নয় ক্যাপ্টেন।
কিন্তু আমাদের দিকেই তো আসছে!
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


অ্যালিস।
আরে মি: স্কিনারই তো!
পাছে কেউ পিছু নেয়, সে জন্য আমি স্ত্রীর গাড়িটা নিয়েছি। নিজেই চালিয়ে এলাম।
ব্যাঙ্ক বা সোনার দোকান থেকে কিছুই খোয়া যায়নি। আসলে কেউ বা কারা ইচ্ছে করেই এ নাটক করেছে। সবটাই রসিকতা।
আমি কিন্তু খুব বড় চক্রান্তের গন্ধ পাচ্ছি।
10-16
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ক্যাপ্টেন স্ম্যাশের ওই একক সংগ্রামের 'নাটক' মোটেই হাল্কা রসিকতা নয়। গূঢ় কোনও চক্রান্ত আছে।
বেশ, তুমি চক্রান্ত ফাঁস করার চেষ্টা করো, আমি বাড়ি যাই।
স্কিনারের গাড়ির পিছু নিল অ্যালিস...
কোথায় নিয়ে যাচ্ছেন কে জানে!
আমিও জানি না, তবে বিপদের গন্ধ পাচ্ছি যেন।
10-18
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


সাধারণ লোকের কাছে ক্যাপ্টেন স্ম্যাশ এখন সুপার হিরো...
ওর আসল মতলব যে অন্য, তা বললে লোকে ভাববে আমি ঈর্ষাকাতর। ব্যাপারটা মুশকিলের।
আরে, মিস্টার স্কিনার কোথায় নিয়ে যাচ্ছেন গাড়িটা!
এ তো পরিত্যক্ত পুরনো গাড়ির ভাগাড়!
10-19
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved



পুরনো গাড়ির ভাগাড়ে...
স্যার, ব্যাপারটা একটু খুলে বলবেন ?
বলছি, তার আগে গাড়ি দুটো ভিতরে ঢোকাতে হবে।
দুষ্কৃতীরা ঠিক খবর পেয়ে যায়। তাই এ জায়গাটা পরিত্যক্ত এমন ভাবটাই ফুটিয়ে রাখতে হবে আমাদের।
!
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ট্র্যাফিক সিগন্যালে আটকাল ম্যানড্রেকের গাড়ি...
গাড়ির আয়নায় একটা কিছু নজরে পড়ায় বিস্মিত ম্যানড্রেক..
এ বার আশা করি কেউ দেখছে না আমাদের।
যে কোনও মুহূর্তে লড়াইয়ে নামতে হতে পারে। তুমি তৈরি তো ক্যাপ্টেন?
বিলকুল তৈরি। নিশ্চিন্ত থাকুন।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


এ বার ব্যাপারটা বলি। এক ব্যাঙ্ক থেকে আর এক ব্যাঙ্কে সোনা যায়। কড়া নিরাপত্তায়, গোপনে এই কাজটা সারা হয়।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
ব্যাপারটা ঝুঁকির, সে তো বুঝছই।
অর্থাৎ আমাদের ব্যাঙ্কে সোনা আসছে, তাই তো?
না অ্যালিস, সেটা ইতিমধ্যেই এখানে এসে গিয়েছে। ব্যাঙ্কে অত সোনা রাখার জায়গাই নেই।



JHARGRAMDEVIL
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


স্যার, পুলিশকে ডাকলেই তো ভাল হত।
পুলিশকে ডাকার অনেক ঝামেলা। সরকারি লাল ফিতের ব্যাপার...
সে ক্ষেত্রে ক্যাপ্টেন স্ম্যাশ যা করার নিজেই করবে। দীর্ঘসূত্রিতার ব্যাপার কিছু নেই।
ওদিকে...
কিন্তু ট্রাকটা যাচ্ছে কোনদিকে? ওইদিকে তো পরিত্যক্ত গাড়ির ভাগাড়। কেউ থাকে না!
বাপ রে! মেয়ে হয়ে এত বড় ট্রাক চালানো!
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved
যাচ্ছে কোথায়?


পরিত্যক্ত গাড়ির ভাগাড়ে তাল তাল সোনা রক্ষার দায়িত্বে ক্যাপ্টেন স্ম্যাশ...
ওই পিছনে অন্ধকারে রাখা আছে সব।
ব্যাপারটা অত্যন্ত গোপনীয়। তবু সন্দেহ হচ্ছে গোপনীয়তা ফাঁস হয়ে গিয়েছে। ভোর পর্যন্ত ভালয় ভালয় কাটলে হয়!
চিন্তা কিসের? আরে আমি একাই সকলকে ঠেকানোর ক্ষমতা রাখি।
আমি দেখেছি, বুলেটও বেঁধে না ওর গায়ে।
আশ্বাস দিচ্ছ তা হলে!
10-29
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেকের গাড়ি তখন কাছাকাছিই...
মেয়ে হয়ে ওই পেল্লাই গাড়িটা চালানো মুখের কথা নয়।
10-30
কিন্তু ট্রাকটা যাচ্ছে কোন দিকে?
ওই জায়গাটা তো দীর্ঘদিন পরিত্যক্ত বলেই জানি!
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ক্যাপ্টেন, দিব্যি শান্ত নির্জন রাত।
হ্যাঁ, আপাতত তাই।
বাইরে একটা ট্রাক, হেডলাইটের আলো!
আরে! ভিতর দিকেই এগিয়ে আসছে!
!
10-31
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



গাড়ি দাঁড় করিয়ে ম্যানড্রেক দেখছে...
পেল্লায় ট্রাকটা তো দেখছি গাড়ির ভাগাড়েই ঢুকে গেল!
কিন্তু ওখানে কেন?
ট্রাকের ইঞ্জিন বিগড়েছে, নাকি অন্য কিছু?
ব্যাপারটা গড়বড় ঠেকছে। ভিতরে চুপিসাড়ে ঢুকে দেখি বরং।



অ্যালিস, তোমরা পিছনে থাকো।
হয়তো ট্রাকচালক খুব ক্লান্ত। বিশ্রাম নিতে ঢুকল ভিতরে।
হুম। হতেও পারে।
কিন্তু সব আলো নেভানো কেন!
11-2
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ট্রাক থেকে নামল ছ' জন লোক...
11-3
স্রেফ দাঁড়িয়ে থাকো।
অন্ধকারে কিছু বোঝা দায়। আরও কাছে যেতে হবে।
হচ্ছেটা কী?
©2007 by King Features Syndicate, Inc. World rights reserv


বাতিল গাড়ির ভাগাড়ে ঢুকল বিশাল ট্রাকটা...
আলো নিভিয়ে দিয়েছে।
নামল ছ'জন লোক।
মোটে ছ'জন। ভেবেছিলাম জনাকুড়ি হবে।
ক্যাপ্টেন, ওদের টের বুঝিয়ে দাও, এখান থেকে সোনা লুঠ করাটা সহজ হবে না।
এলেই টের পাবে।
11-5
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


লড়াই শুরুর আগে তোমাদের নিরাপদে রাখতে হবে অ্যালিস।
এই ঘরটায় লুকোনো যায়।
জলদি ঢুকে পড়ুন।
আড়াল থেকে সব নজরে রাখছে ম্যানড্রেক.
হুম্। ট্রাক চালিয়ে আসা ওই মহিলাই দেখছি নেত্রীর ভূমিকায়।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


কখন বেরোব সঙ্কেত দেবে তুমি।
যুদ্ধটা আগে মিটুক মিঃ স্কিনার, তারপর।
জিতে এসো ক্যাপ্টেন।
তোমার অনুপ্রেরণাই আমাকে জেতাবে অ্যালিস। আমি হারব না।
11-7
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ক্যাপ্টেন স্ম্যাশের আসল চেহারাটা বেরোচ্ছে। সোনা ট্রাকে তোলার তোড়জোড়...
এই সোনার খবরটা শহরে আর কেউ পায়নি তো?
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
পেলেও ততক্ষণে মাল আমরা পাচার করে ফেলব।
ক্যাপ্টেন, তোমার জবাব নেই।
তখন বাইরে...
নড়লেই মরবে।
11-12



আরে! লোকটা সামনেই তো ছিল!
কোথায় গেল রে বাবা?
এই তো তোমার পিছনেই।
!
তোমার অস্ত্রটা একটু ধার নিচ্ছি।
উফ
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ব্যাঙ্কের লোকেরা সোনা তুলতে ট্রাক নিয়ে আসবে শেষ রাত নাগাদ।
ততক্ষণে আমরা বহু দূরে।
এ তো একেবারে মাখনের উপরে ছুরি চালানো হয়ে গেল।
পাশেই একটা ঘরে তখন আটক দু'জন...
কী বলছে শুনলে অ্যালিস?
যা শুনলাম আমি, তা বললে বিশ্বাস করবেন না স্যার।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ধস্তাধস্তির শব্দ পাননি তো! লড়াই হলে তো পেতেন। লড়াই-ই হয়নি।
কারণ যারা এসেছে তারা ক্যাপ্টেনেরই লোক। ক্যাপ্টেনই বোধহয় পাণ্ডা।
তার মানে ক্যাপ্টেন প্রতারণা করল আমাকে। ছি, ছি!
কোটি কোটি টাকার সোনা নিয়ে পালাচ্ছে। বাধা দেওয়ার কেউ নেই। কী কপাল!
11-16
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


কর্তা, সব সোনাই ট্রাকে তোলা হয়েছে।
চমৎকার। এবার তা হলে যাওয়া যাক।
হ্যাঃ!
হ্যাঃ!
হ্যাঃ!
কার গলা?
সাবাশ ক্যাপ্টেন স্ম্যাশ।
আর একটু হলেই সোনা নিয়ে কেটে পড়তে তোমরা। কিন্তু সেটি আর হচ্ছে না ক্যাপ্টেন।
11-17
শেষ মুহূর্তে বাধা
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ক্যাপ্টেন স্ম্যাশ আর তার দলবলের সামনে ম্যানড্রেক...
সুপার হিরো, তোমার সবটাই দেখছি ভড়কিবাজি।
তুমি যেই হও, মুখ সামলে কথা বলো।
অ্যালিস ও স্কিনারকে যে কথা দিয়েছিলে তা না রেখে কী করতে চলেছ তুমি? ছি ছি।
ও পুরো ঠকিয়েছে আমাদের।
একটা ঠগবাজ।
11-19
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved


ম্যানড্রেক, আমার মহাশক্তির কথা ভুলে যাচ্ছ।
মোটেও ভুলিনি ক্যাপ্টেন। ব্যাঙ্ক ও গয়নার দোকানে তোমার লড়াইটা সবটাই লোকদেখানো ভড়কি।
11-20
তোমার আসল ক্ষমতাটা আজ রাতে দেখাচ্ছ নাকি?
আঃ! ওটা আবার কেন!
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


তোমার যত বীরত্ব তো ফাঁকা কার্তুজের সামনে।
মোনা, তুমি তো সব জানো।
ওকে বলে দাও।
আ-আমি কেন? আমি কিছু জানি না।
দেরি করে লাভ কী? গুলি ছুড়লেই বোঝা যাবে তুমি সুপার হিরো না জিরো।
গুলি ছুড়ো না।
©2007, by King Features Syndicate, Inc. World rights reserved.


আমি সুপার হিরো না হলে কি মামলা করবে?
দেখা যাক। তবে তোমার বীরত্বের বেলুনটা ফুটো হয়ে গিয়েছে।
ও দিকে ম্যানড্রেক যাকে কাবু করে এসেছিল সে আবার চুপিসাড়ে এগোচ্ছে...
11-22
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমি সুপার হিরো না হলে কি মামলা করবে?
দেখা যাক। তবে তোমার বীরত্বের বেলুনটা ফুটো হয়ে গিয়েছে।
ও দিকে ম্যানড্রেক যাকে কাবু করে এসেছিল সে আবার চুপিসাড়ে এগোচ্ছে...
11-22
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


তুমি একটা মামুলি তস্কর, বীরত্বের ছদ্মবেশে আদতে লুঠপাটই যার পেশা।
তোমার কীর্তিকাহিনি থানায় বসেই জানিও।
!
যাই ভেবে থাকো ম্যানড্রেক আমাকে পুলিশের হাতে তুলে দিতে পারবে না।
11-23
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



তুমি ভুলে গিয়েছ যে, ওই রিভলভারে গুলি নেই।
আশপাশে আছে আমার চেলারা। তাদের হাতে কিন্তু গুলি ভরা বন্দুক।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
আমরা এই সোনা নিয়ে তবে যাব ম্যানড্রেক।
সেটি হচ্ছে না।
গলাটা যেন চেনা চেনা ঠেকছে!
11-24
অতঃপর?


পুরনো গাড়ির ভাগাড়ে.জোর নাটক..
তুমি ফেঁসে গিয়েছ ক্যাপ্টেন।
ফেঁসেছ তুমি ম্যানড্রেক। পাঁচটা রিভলভার তোমাকে ঘিরে।
সম্মোহন করল ম্যানড্রেক...
হাতে কলা ধরে কী করছ?
!
11-26
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেকের সম্মোহন...
এ কী? রিভলভার হয়ে গেল কলা!
!
আহা, তোমাদের এত খিদে পেয়েছে আমাকে বললেই পারতে।
মরিকে কী করেছ তুমি?
তোমার ওই নজরদারের নাম বুঝি মরি। এতক্ষণে জ্ঞান ফিরেছে বোধ হয়।
11-27
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


আবার তুমি ?
তোমার পাওনা ফিরিয়ে দিতে।
ফের সম্মোহন ম্যানড্রেকের ...
!!
নিজেরাই সব কলা খাচ্ছ। আমার ভাগ কোথায় ?
11-29
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমার ভাগের কলা না পেলে মজা বার করে দেব।
!
ওরে বাবা রে!
আমার ভাগের সোনা বরং তোমাকে দিয়ে দেব। আমাকে ছেড়ে দাও।
ভীতুর ডিম। কোথাকার!
11-30
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ক্যাপ্টেন, তোমার দল তো ছত্রভঙ্গ।
তবু আমরা সংখ্যায় এখনও ভারী।
তা বটে। তবে রিভলভার তো নেই।
আমারটা কিন্তু গুলি ভরা ম্যানড্রেক।
আর এটার লক্ষ্য তুমি নয়, ব্যাঙ্ককর্মী ওই মেয়েটি।
12-1
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


গাড়ির ভাগাড়ে নাটক...
ম্যানড্রেক, শুনে রাখো আমার হাত কাঁপে না...
চালাকি করতে গেলেই মেয়েটিকে গুলি করব।
সোনা কী মতলব তোমার?
আমাদের অংশীদারি কারবার শেষ। এ বার সোনা বোঝাই ট্রাক নিয়ে চললাম আমি। আর কিছু বলতে হবে?
!
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


সোনা চলে যাচ্ছে ?
ওকে আটকাতে হবে যে।
ম্যানড্রেককেও শায়েস্তা করা দরকার। এক সঙ্গে ঝাঁপিয়ে পড়া যাক।
বিপদ বুঝে সম্মোহনশক্তি প্রয়োগ ম্যানড্রেকের...
গিলি গিলি, আটকে থাকো সবাই।
এ কী! এ যে আঠার মতো সেঁটে গেলাম।
নড়াই যাচ্ছে না।
12-4
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


মি: স্কিনার, ওদের উপরে নজর রাখুন আপনি।
ঠিক আছে।
ক্যাপ্টেন স্ম্যাশ, তুমি 'স্থির' হয়ে থাকো।
সোজা সামনে তাকিয়ে ওই সোনা বোঝাই ট্রাকের দিকে হাঁটো তুমি।
!
ম্যানড্রেক, চালাকি করতে গেলেই তোমাকে গুলি করব আমি।
12-5
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই মেয়েটি আমার পণবন্দি। সোনাভর্তি ট্রাকে আপাতত ওকেও তুলে নিয়ে যাচ্ছি আমি। চললাম।
দাঁড়াও, দাঁড়াও। কী করে যাবে তুমি?
সম্মোহন ম্যানড্রেকের...
যাবে তো বলছ, কিন্তু কোন ট্রাকটায়?
!
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



12-8
এর মধ্যে কোন ট্রাকটায় সোনা আছে বুঝতে পারছ তুমি ?
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
চালাকি করতে তোমাকে বারণ করেছিলাম ম্যানড্রেক।
ওদিকে রাস্তায় তখন...
গাড়ির ভাগাড়টা আর মাইলখানেক হবে।
মালটা ওখানেই।
কাদের গাড়ি ?


পুরনো গাড়ির ভাগাড়ে...
চটছ কেন? মজা করছিলাম আমি। ওই তো তোমার সোনা বোঝাই গাড়ি।
রসিকতা ছাড়ো ম্যানড্রেক। অনেক হয়েছে।
ফের সম্মোহন ম্যানড্রেকের...
কী গো মেয়ে, গাড়ি ছাড়বে না। অপেক্ষা করে করে হাঁফিয়ে উঠলাম যে আমি।
!
12-10
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ট্রাকে কুমির কোথা থেকে এল?
ভেবেছিলাম মাঝপথে খানাডোবায় নেমে যাব।
কুমির যে 'মায়া' তা ভুলে গুলি চালাল মোনা...
গুডুম গুডুম
গুডুম
করছ কী! বন্যপ্রাণী আইনে কুমির মারা দণ্ডনীয় অপরাধ।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


কুমিরটা গেল কোথায় ?
ম্যানড্রেক বুঝে গিয়েছি, এ সব তোমারই খেলা। এ ভাবে পার পাবে না কিন্তু।
ও দিকে...
বড়কর্তা যে নির্দেশ দিয়েছেন, তদনুসারেই কাজ করতে হবে।
পুরনো গাড়ির ভাগাড়ের কাছাকাছি এসে গিয়েছি।
12-12
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


পালিয়ে বাঁচবে ভেবেছ। দেখাচ্ছি মজা।
এটাই তো সেই গাড়ির ভাগাড়।
গুলির শব্দ কেন?
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


মোনা কিন্তু ইচ্ছে করেই পাশে গুলি চালাল। কেন?
কারণ ছুঁচো মেরে হাত গন্ধ করি না আমি। যাক, স্কিনারকে জানিও, সোনাটা নিয়ে গেলাম।
ঠিক সেই মুহূর্তেই অন্ধকার ফুঁড়ে বেরোল তিনটি মনুষ্যমূর্তি। তারা এগোল পুরনো গাড়ির ভাগাড়ের দিকেই।
কিন্তু এরা কারা?
12-15
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ভোরের একটু আগে...
সোনা বোঝাই গাড়ি নিয়ে মোনা তো চলে যাচ্ছে। কী হবে?
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
ধৈর্য ধরো অ্যালিস। এ বার দ্যাখো না কী করে ও।
মোনা ট্রাকটায় যেই স্টার্ট দিতে যাবে...
আরে চাবিটা গেল কোথা?


চাবি ছাড়া গাড়ি স্টার্ট করবে কী করে মোনা!
ও যখন 'কুমির' নিয়ে ব্যস্ত ছিল, তখন ড্যাশবোর্ড থেকে চাবিটা সরিয়ে নিই।
মনে হচ্ছে নামার সময় হাত থেকে পড়ে গিয়েছিল। নির্ঘাত এখানেই কোথাও পড়ে আছে।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
12-18


হঠাৎ মোনা দেখল তাকে ঘিরে কয়েকটা লোক...
?
!!
?
12-19
তোমরা কে? কোথা থেকে এলে?
তোমার অস্ত্রটা আগে মাটিতে ফেলে দাও। জলদি।
!
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক, এই লোকগুলো আবার কোথা থেকে এল?
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
এরা কে হতে পারে?
বুঝতে পারছ না অ্যালিস?
12-20


বুঝেছি, সোনার খোঁজে এরা লুঠেরাদের আর একটা দল।
অ্যালিস, ব্যাঙ্কের বাহিনীর কিন্তু শেষ রাতেই মাল নিতে আসার কথা ছিল।
আমার ধারণা, এরা সেই বাহিনীরই লোক।
কিন্তু তা যদি না হয়!
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
12-21



তুমি বলতে চাও এরা ব্যাঙ্কের তরফেই পয়লা রক্ষী দল!
হ্যাঁ, তেমনই ধারণা আমার।
কে যেন ফিসফিস করে কথা বলছে!
যেই হও, হাত উপরে তুলে বেরিয়ে এসো। নইলে গুলি করব।
দেখা যাক, আমার অনুমান সঠিক কিনা।
!
12-22
©2007 by King Features Syndicate, Inc. World rights reserv
কে এরা?


পুরনো গাড়ির ভাগাড়ে জোর নাটক...
শেষবার বলছি, হাত তুলে বেরিয়ে এসো। নইলে গুলি খাবে।
12-24
গলাটা যেন চেনা চেনা!
একেবারে সঠিক সময়ে হাজির হয়েছ। ধন্যবাদ জিম।
আরে ম্যানড্রেক যে! ইন্টার-ইন্টেলে একসঙ্গে কাজ করেছিলাম আমরা।
বন্দুক নামাও। এ বন্ধু লোক।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


কিন্তু ট্রাকওয়ালারা যদি ঝামেলা পাকায় তখন ?
আরে, সে সরকারি কর্তারা বুঝে নেবেন।
এ সব সমস্যা পরে দেখা যাবে, এখন ট্রাকগুলো রওনা দিক চটপট।
ও দিকে করুণ চোখে তাকিয়ে কেন সোনা ?
এত সুন্দর ট্রাক আগে কখনও চুরি করিনি, বুঝলে ম্যানড্রেক।
12-27
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


কী হল ম্যানড্রেক, ট্রাক চলে গেল নাকি?
12-28
হ্যাঁ মিঃ স্কিনার। রক্ষী-সহ ফোর্ট নক্সের দিকে রওনা দিয়েছে।
বাঃ। যাক, সোনাগুলো যথাস্থানে আজই পৌঁছে যাবে। যা চিন্তায় পড়ে গিয়েছিলাম।
তুমি বরং কাল ছুটি নিয়ে নাও।
ছুটি! অনেক ধন্যবাদ স্যার।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


পুরনো গাড়ির ভাগাড়ে পুলিশ দল...
কোটি কোটি টাকার সোনা লুঠের চেষ্টা হয়...
আর এর পিছনে মূল পাণ্ডা হল ক্যাপ্টেন স্ম্যাশ। ভাবা যায়!
নিয়ে যাও এদের।
ছি, ছি। আমি একজন সমাজসেবী। আমার সঙ্গে এ কেমন ব্যবহার পুলিশের।
চোপ ব্যাটা জোচ্চোর।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
12-29
আসল চেহারা ফাঁস...


পরদিন পুলিশ দফতরে...
সোনা বোঝাই ট্রাক নিরাপদে পৌঁছে গিয়েছে ফোর্ট নক্সে।
ক্যাপ্টেন স্ম্যাশ জেরায় সব কিছু কবুল করেছে।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
সে কোথায়? এই লোকটি কে?
চিনতে পারলে না। এই তো ক্যাপ্টেন স্ম্যাশ, মুখোশ ও সাজপোশাক ছাড়া।
আমার নাম ব্রুস


ক্যাপ্টেন স্ম্যাশের স্বীকারোক্তি...
ব্যাঙ্কের সোনা আসার খবরটা অনেকেই জেনেছিল, কিন্তু মালটা কোথায় নামবে আঁচ করতে পারেনি। তাই আমিই ফন্দি ঠাওরালাম।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
সাবেক কিছু স্টান্টম্যান ও ডাকাতকে দলে ভেড়ালাম। তারপর...
একদিন ঝড়ের মতো আবির্ভাব ঘটল ক্যাপ্টেন স্ম্যাশের।




©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ব্যাঙ্কে , গয়নার দোকানে ডাকাতি, মারামারি —সবটাই সাজানো লড়াই। মি: স্কিনার মুগ্ধ হয়ে...
অ্যালিসকে বললেন ক্যাপ্টেনকে খুঁজে বার করতে। আমি তখন হিরো।
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.
অ্যালিসের আহ্বানে সাড়া দিতে দেবদূতের মতো আমাকে হাজির হতে হল তার কাছে, জানলা দিয়ে।
1-3
বোকা মেয়েটা ভাবল আমি উড়ে এসেছি।


মি: স্কিনার সোনা রক্ষার ভার আমাকেই দিতে কাজটা সহজ হয়ে গেল অনেক। এ সুযোগ কে ছাড়ে।
তার মানে আমাকে ভালবাসোনি তুমি ?
ধুস, তোমার মতো হাঁদা মেয়েকে ?
ধ্রাম্ !
1-4
!
উঃ ! এত জোর একটা মেয়ের ঘুঁষিতে !
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.